গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর
www.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৪.০০১.৯৯.০০১.২০২৬- ৮৫৯

তারিখ: ২০ শ্রাবণ, ১৪৩৩
০৪ আগস্ট, ২০২৬

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর সদর উপজেলাধীন ০৩ নং ফাজিলপুর ইউনিয়নের আওতাধীন রাস্তাঘাটের বিভিন্ন সময় প্রাকৃতিক দূর্যোগ ঝড়ে ভেঙ্গে পড়া গাছ-পালা হতে আহরিত কাঠ ও জ্বালানী কাঠ প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে নিলাম প্রদানের লক্ষ্যে আগ্রহী প্রকৃত কাঠ ব্যবসায়ী/বৈধ করাতকল মালিকগণকে ইউনিয়ন পরিষদ কার্যালয়ে উপস্থিত হয়ে নিম্নবর্ণিত নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| লট নং | নিলাম প্রদানের ধরণ | নিলামের ভিত্তি মূল্য | নিলামের তারিখ ও সময় | নিলামে অংশগ্রহণের জন্য জামানত প্রদানের সময় |
|---|---|---|---|---|
| ০১. | **৪৮৯.৫৬ ঘনফুট কাঠ<br>৪.০ ঘনফুট জ্বালানী কাঠ** | **১,২৪,০৩৫/-<br>(এক লক্ষ চব্বিশ হাজার পঁয়ত্রিশ) টাকা** | **আগামী ২২/০৮/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০১.০০ ঘটিকা** | **আগামী ২২/০৮/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত** |

নিলামের শর্তাবলী:

(১) নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ ডাকগ্রহণের দিন সকাল ১০:০০ টা হতে দুপুর ১২:৩০ টা পর্যন্ত জামানত হিসেবে নগদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর এর বরাবরে জমা প্রদান করে (জামানত ফেরত যোগ্য) বীটসীটে নাম তুলবেন।

(২) প্রতিজন নিলামকারীকে পূর্ববর্তী ডাকের কমপক্ষে ২০০০/- (দুই হাজার) টাকা অতিরিক্ত হারে ডাক বাড়াতে হবে।

(৩) সর্বোচ্চ নিলাম ডাককারীকে গৃহীত ডাকের ৫০% টাকা ডাক গ্রহণের সঙ্গে সঙ্গে এবং ৫০% টাকা পরবর্তী কার্য দিবসের মধ্যে জমা প্রদান করতে হবে অন্যথায় তার নিলাম বাতিল করা হবে।

(৪) গৃহীত দরের সমুদয় অর্থ জমা প্রদান অন্তে আহরিত কাঠ ও জ্বালানী কাঠের কার্যাদেশসহ দখল বুঝিয়ে দেয়া হবে।

(৫) নিলাম ডাককারীগণ নিলামে অংশগ্রহণের পূর্বে নিজ দায়িত্বে আহরিত কাঠ ও জ্বালানীর কাঠ অবলোকনপূর্বক নিলামে অংশগ্রহণ করিবেন। অন্যথায় নিলাম পরবর্তী সময় আহরিত কাঠ ও জ্বালানীর কাঠ সংক্রান্ত কোন অভিযোগ ও অনুযোগ উপজেলা নিলাম কমিটি গ্রহণ করিবেন না।

(৬) সর্বোচ্চ দরদাতা নিলামের মূল্যে পরিশোধের পাশাপাশি সরকারি বিধি মোতাবেক ১০% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করবেন।

(৭) দিনাজপুর সদর উপজেলাধীন ০৩ নং ফাজিলপুর ইউনিয়ন পরিষদের আহরিত কাঠ ও জ্বালানীর কাঠের নিলামটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে জনসম্মুখে কমিটির সদস্যেদের উপস্থিতিতে নিলাম কার্যক্রম বাস্তবায়ন হবে।

(৮) নিলাম ডাকের ০৩ (তিন) দিনের মধ্যে সর্বোচ্চ দরদাতা/নিলাম গ্রহণকারী ০৩ নং ফাজিলপুর ইউনিয়ন পরিষদের আহরিত কাঠ ও জ্বালানীর কাঠ সরানোর বিষয়টি নিশ্চিত করতে হবে।

(৯) উল্লেখিত শর্তাবলীর যে কোন একটি বা আংশিক লংঘিত হলে নিলাম বাতিল করে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে উক্ত আহরিত কাঠ ও জ্বালানী কাঠ পুনরায় নিলামের ব্যবস্হা নেয়া হবে। প্রয়োজনে নিলাম ডাককারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

(১০)কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রাপ্ত নিলাম ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এতদ্বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

04.08.26
(তমালিকা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা গাছ নিলাম কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর
☎: +৮৮ ০২৫৮৯৯২৫১২২(অ:)
e-mail: unodinajpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৪.০০১.৯৯.০০১.২০২৬- ৮৫৯/১ (৭)

তারিখ: ২০ শ্রাবণ, ১৪৩৩
০৪ আগস্ট, ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(১) জেলা প্রশাসক, দিনাজপুর
(২) উপপরিচালক, দিনাজপুর
(৩) উপজেলা.........................................অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
(৪) প্রশাসক, ০৩ নং ফাজিলপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। (অত্র বিজ্ঞপ্তিটি স্থানীয় বাজার এবং পাড়া/মহল্লায় ঢোল-সহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের অনুরোধসহ)
(৫) জনাব ................................................................................................ দিনাজপুর সদর, দিনাজপুর
(৬) নোটিশ বোর্ড
(৭) অফিস কপি

04.08.26
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর

কম্পোজ পিসি/majar